দৈনিক বাংলা

তারিখ ...04 APR 1994
পৃষ্ঠা ১ কলাম ৪

৩০

# চট্টগ্রাম ভার্সিটি ভিসির অফিস ভাংচুর

স্টাফ রিপোর্টার : চট্টগ্রাম, ৩ এপ্রিল।– ছাত্রলীগ (ম–ই) চট্টগ্রাম বিশ্ব-বিদ্যালয় শাখার একদল উচ্ছৃংখল কর্মী আজ দুপুরে ভাইস চ্যান্সেলরের অফিস ভাংচুর করে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিবিএ ভর্তি পরীক্ষা বাতিলের দাবীতে সর্বদলীয় ছাত্রঐক্য (ছাত্রদল ব্যতীত) আজ সকাল ১১টায় ভাইস চ্যান্সেলরের অফিস ঘেরাও কর্মসূচী ঘোষণা করে। এর মধ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শনিবার বিবিএ ভর্তি পরীক্ষার ফলাফল ঘোষণা করলে আজ ঘেরাও কর্মসূচীতে অংশগ্রহণকারী ছাত্র-লীগ কর্মীরা উত্তেজিত হয়ে ওঠে। দুপুর একটায় একদল উচ্ছৃংখল কর্মী ভাইস চ্যান্সেলরের অফিসের চেয়ার ও জানালার কাচ ভাংচুর করে। এ ঘটনার পরপরই ছাত্রলীগ কর্মীরা দেড়টার ট্রেনে শহরে চলে আসে। দুপুরে ইসলামী ছাত্র শিবির সমর্থিত সংগ্রামী ছাত্রঐক্য ভিসি অফিস ভাংচুরের ঘটনার প্রতিবাদে তাৎক্ষণিকভাবে ফ্যাকালটিতে বিক্ষোভ মিছিল বের করে। মিছিলটি কলাভবন প্রদক্ষিণ করে প্রশাসনিক ভবনের সামনে এক প্রতিবাদ সমাবেশ করে। সাইফুল্লাহর সভাপতিত্বে প্রতিবাদ সভায় ছাত্র নেতৃবৃন্দ বলেন, একটি সন্ত্রাসী চক্র বিশ্ববিদ্যালয়ে অশান্ত

## চট্টগ্রাম ভার্সিটি

(প্রথম পৃষ্ঠার পর)

পরিবেশ সৃষ্টির পাঁয়তারা চালাচ্ছে। ইসলামী ছাত্র শিবির চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি ও সাধারণ সম্পাদক এক যুক্ত বিবৃতিতে ভিসি অফিস ভাংচুরের নিন্দা জানান।

জাতীয়তাবাদী ছাত্রদল চট্টগ্রাম বিশ্ব-বিদ্যালয় শাখা আজ সকাল সাড়ে ১১টায় বিবিএ ভর্তি পরীক্ষা বাতিলের দাবী জানিয়ে ভাইস চ্যান্সেলর প্রফেসর রফিকুল ইসলাম চৌধুরীর কাছে স্মারক লিপি প্রদান করেন। স্মারকলিপি প্রদানের আগে প্রশাসনিক ভবনের সামনে মঈনুল আহসান মুন্নার সভাপতিত্বে এক সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে চাকসুর এজিএস মাহবুবুর রহমান শামীম, কামরুল আলম রাশেদ, শাহাদৎ হোসেন সেলিম ও আবদুল্লাহ মৃধা বক্তৃতা করেন।